# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১০১১

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّقَائِقِ)

পরিচ্ছেদঃ মানুষের জন্য মুস্তাহাব হলো আল্লাহর কাছে আশ্রয় চাওয়া এমন সালাত থেকে যা কোন উপকার দেয় না এবং এমন নফস থেকে যা পরিতৃপ্ত হয় না

## ذِكْرُ مَا يُسْتَحَبُّ لِلْمَرْءِ أَنْ يَتَعَوَّذَ بِاللَّهِ جَلَّ وَعَلَا مِنَ الصَّلَاةِ الَّتِي لَا تَنْفَعُ وَمِنَ النَّفْسِ الَّتِي لَا تَشْبَعُ

---

আরবী

1011 ـ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ أَحْمَدَ بْنِ مُوسَى بِعَسْكَرِ مُكْرَمٍ قَالَ: حَدَّثَنَا هُرَيْمُ بْنُ عَبْدِ الْأَعْلَى قَالَ: حَدَّثَنَا مُعْتَمِرُ بْنُ سُلَيْمَانَ قَالَ: سَمِعْتُ أَبِي يَقُولُ: حَدَّثَنَا أَنَسُ بْنُ مَالِكٍ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنَّهُ قال: (اللَّهُمَّ إِنِّي أَعُوذُ بِكَ مِنْ نَفْسٍ لَا تَشْبَعُ، وَأَعُوذُ بِكَ مِنْ صَلَاةٍ لَا تَنْفَعُ، اللهم إني أعوذ بِكَ مِنْ دُعَاءٍ لَا يُسْمع وَأَعُوذُ بِكَ من قلب لا يخشع)
الراوي : أَنَس بْن مَالِكٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 1011 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

১০১১. আনাস বিন মালিক রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, اللَّهُمَّ إِنِّي أَعُوذُ بِكَ مِنْ نَفْسٍ لَا تَشْبَعُ، وَأَعُوذُ بِكَ مِنْ صَلَاةٍ لَا تَنْفَعُ، إني أعوذ بِكَ مِنْ دُعَاءٍ لَا يُسْمع وَأَعُوذُ بِكَ من قلب لا يخشع (হে আল্লাহ, নিশ্চয়ই আমি আপনার কাছে আশ্রয় চাচ্ছি এমন নফস থেকে যা পরিতৃপ্ত হয়না, আমি আপনার কাছে আশ্রয় চাচ্ছি এমন সালাত থেকে যা উপকার দেয় না। হে আল্লাহ, নিশ্চয়ই আমি আপনার কাছে আশ্রয় চাচ্ছি এমন দু‘আ থেকে যা কবূল করা হয়না, আমি আপনার কাছে আশ্রয় চাচ্ছি এমন অন্তর থেকে যা ভয় করে না।)”[1]

ফুটনোট

[1] আবূ দাঊদ: ১৫৪৯; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১০/১৮৭; মুসনাদ আহমাদ: ৩/২৫৫; আত তায়ালিসী:

১/২৫৮; নাসাঈ: ৮/২৬৩।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ১৩৮৫।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90324

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন